

5. নীচের যুক্তিগুলির সংকেতরূপ দাও এবং আকারগত প্রমাণ দাও

:

(a) যদি ক্রিম মাখ তাহলে ফর্সা হবে। যদি ক্রিম মাখ এবং ফর্সা হও তাহলে লোকে তোমায় সুন্দর বলবে।

এমন নয় যে তুমি ক্রিম মাখবে এবং লোকে তোমায় সুন্দর বলবে। সুতরাং তুমি ক্রিম মাখবে না। (b) যদি বাঁদর চালাক হয় তাহলে শিম্পাঞ্জিও চালাক। যদি বাঁদর এবং শিম্পাঞ্জি দুজনেই চালাক হয় তাহলে

বাঘ অথবা সিংহ রাশভারী। যদি বাঘ অথবা সিংহ রাশভারী হয় তাহলে হাতি নিজের গাঙ্কীর্য বাদ দেয় না। যদি বাঁদরের চালাক হওয়া হাতির নিজের গাঙ্কীর্য বাদ না দেওয়ার কারণ হয় তাহলে শেয়াল সবচেয়ে ধূর্ত প্রাণী। সুতরাং শেয়াল সবচেয়ে ধূর্ত প্রাণী।

(c) যদি উত্তমকুমার নায়ক হয় তাহলে সৌমিত্রও নায়ক। হয় সৌমিত্র নায়ক অথবা সুচিত্রা সেন নায়িকা। যদি সুচিত্রা সেন নায়িকা হয় এবং উত্তমকুমার নায়ক না হয় তাহলে মাধবী নায়িকা এবং উত্তমকুমার নায়ক নয়। সৌমিত্র নায়ক নয়। সুতরাং মাধবী নায়িকা।

(d) যদি টিটো সাঁতার শেখে তাহলে মা সর্দির ভয় পান। যদি টিটো ক্রিকেট খেলা শেখে তাহলে মা মাথা

ফাটার ভয় পান। টিটো হয় সাঁতার শিখবে অথবা ক্রিকেট খেলা শিখবে। সুতরাং হয় টিটো সাঁতার শিখবে এবং মা সর্দির ভয় পাবেন অথবা সে ক্রিকেট শিখবে এবং মা মাথা ফাটার ভয় পাবেন। (e) যদি বাচ্চারা ইংলিশ মিডিয়ামে পড়ে তাহলে তারা ইংরাজি আদব কায়দা রপ্ত করে আর যদি ইংরাজি

আদবকায়দা রপ্ত করে তাহলে বড়ো হয়ে তারা যুগোপযোগী হয়। যদি মায়েরা বাচ্চাদের হুঁদুর দৌড়ে শামিল করেন তাহলে তাঁরা সবসময়ই টেনশনে ভোগেন। হয়

বাস্চারা ইংলিশ মিডিয়ামে পড়বে অথবা মায়েরা বাস্চাদের ইঁদুর দৌড়ে শামিল করবেন
এবং হয় বাস্চারা লেখাপড়ায় উৎসাহ হারাবে অথবা তারা অসুস্থ হয়ে পড়বে। সুতরাং
হয় বাস্চারা ইংরাজি আদবকায়দা রপ্ত করবে অথবা মায়েরা সর্বদাই টেনশনে
ভুগবেন।

নির্ণয় পদ্ধতি ও